# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০৭

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯. মিসওয়াক মুখ পবিত্রকারী বস্তু

بَابُ السِّوَاكُ مَطْهَرَةٌ لِلْفَمِ

## আরবী

أَخْبَرَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ هُوَ الْقَطْوَانِيُّ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ إِسْمَعِيلَ بْنِ أَبِي حَبِيبَةَ أَخْبَرَنِي دَاوُدُ بْنُ الْحُصَيْنِ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السِّوَاكُ مَطْهَرَةٌ لِلْفَمِ مَرْضَاةٌ لِلرَّبِّ

إسناده ضعيف لضعف إبراهيم بن إسماعيل ولكن الحديث صحيح

## বাংলা

৭০৭. আয়শা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “মিসওয়াক হচ্ছে মুখের জন্য পবিত্র হওয়ার উপকরণ এবং প্রতিপালকের সন্তুষ্টি লাভের উপায়।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, কেননা, ইবরাহীম ইবনু ইসমাঈল যয়ীফ। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং ৪৫৬৯, ৪৫৯৮, ৪৯১৬ ও সহীহ ইবনু হিব্বান নং ১০৬৭; মাওয়ারিদুয যাম’আন নং ১৪৩ এবং মুসনাদুল হুমাইদী নং ১৬২ এ। আরও দেখুন, নাইলুল আওতার ১/১২৫। (আহমাদ ৬/১২৪, ১৪৬ নং ২৪৯৬৯, ২৫১৭৬; নাসাঈ ৫; আবু ইয়ালা মাওসিলী ৮/৫১ নং ৪৫৬৯; ইবনু হিব্বান নং ১০৬৭; ইবনু খুযাইমা নং ১৩৫ বাইহাকী, সুনানুল কুবরা ১/৩৪; আবু নুয়াইম, হিলইয়া ৭/৯৪, ১৫৯; বাগাবী, শারহুস সুন্নাহ ১/৩৯৪ নং ১৯৯; শাফিঈ, আল মুসনাদ নং ৭১; আর হাদীসটি হাসান, যেমন বলেছেন বাগাবী তার শারহুস সুন্নাহ’তে- ফাতহুল মান্নান হা/৭২৯।- অনুবাদক)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76083

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন